



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ ডিসেম্বর ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

নানিয়াচরে ভূমি বেদখল না করা বিষয়ে পাহাড়ি বাঙালি সমঝোতা

রাঙামাটির নানিয়াচরে পাহাড়িদের মালিকানাধীন ভূমি বেদখল প্রচেষ্টার পরিপ্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি নিরসন কল্পে পাহাড়ি ও বাঙালিদের মধ্যে সমঝোতা হয়েছে।

গতকাল ১৪ ডিসেম্বর ২০১৬ বুধবার নানিয়াচর জোনের কমান্ডার লে. ক. ইমরান হামিদের মধ্যস্থতায় এই সমঝোতা স্বাক্ষরিত হয়। সমঝোতা মোতাবেক পাহাড়িদের বিরুদ্ধে দেয়া মামলা প্রত্যাহার করা হবে, চলমান সেনা অভিযান বন্ধ করা হবে, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান করা হবে এবং অন্যের জমি বেদখল না করে স্ব স্ব জায়গায় বসতিস্থাপন করা যাবে।

পাহাড়িদের পক্ষে স্বাক্ষর করেন নানিয়াচর উপজেলা পরিষদ চেয়ারম্যান শক্তিমান চাকমা, বুড়িঘাট ইউপি চেয়ারম্যান প্রমোদ বিকাশ খীসা, ঘিলাছড়ি ইউপি চেয়ারম্যান অমল কান্তি চাকমা, নানিয়াচর সদর ইউপি চেয়ারম্যান জ্যোতিলাল চাকমা ও সাবেক্ষ্য ইউপি চেয়ারম্যান সুপন চাকমা (সুশীল জীবন)।

অপরদিকে বাঙালিদের পক্ষে স্বাক্ষর করেন পাহাড়িদের বিরুদ্ধে দেয়া মামলার বাদী বুড়িঘাট (১নং টিলা) গ্রামের মধু মিয়া (পিতা মৃত হামেশ উদ্দিন) ও জামাল সিকদার (পিতা ইফ্ফান্দার সিকদার)।

এছাড়া সমঝোতার সময় নানিয়াচর উপজেলা ভাইস চেয়ারম্যান রণ বিকাশ চাকমাসহ ইউনিয়ন পরিষদের সদস্যগণ, নানিয়াচর জোনের টু-আইসি বাহালুল, মেজর খায়রুল, লে. নাজিম এবং সেকেন্ড লে. জুবায়ের সিয়াম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ৮ ডিসেম্বর নানিয়াচরের বুড়িঘাট ইউনিয়নে মারমা অধ্যুষিত পলিপাড়ায় সেটলাররা পাহাড়িদের জমি বেদখল করতে গেলে সাংঘর্ষিক পরিস্থিতির সৃষ্টি হয়। পাহাড়িরা এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুললে সেটলাররা পাহাড়িদের বিরুদ্ধে মামলা দায়ের করে। এই মামলার আওতায় পাঁচ পাহাড়ি গ্রামবাসীকে গ্রেফতার করা হয়। এর প্রতিবাদে পাহাড়িরা ১৩ ডিসেম্বর রাঙামাটি - খাগড়াছড়ি সড়কে অবরোধ পালন করে। এর পরদিন সেটলাররা আবার পাহাড়িদের গ্রামে ভূমি বেদখল করতে গেলে পুনরায় পরিস্থিতি অবনতি হয়। পাহাড়িরা প্রতিরোধ গড়ে তুললে সেটলাররা পিছু হটতে বাধ্য হয়। তবে তারা সেনাবাহিনীর সহায়তায় পুনরায় ফিরে আসলে পাহাড়িরা সরে যায় এবং এ সুযোগে গ্রামে হামলা চালিয়ে শান্তিকামী বৌদ্ধ বিহার ভাঙচুর করে। এই প্রেক্ষাপটে গতকাল নানিয়াচর জোনে উক্ত সমঝোতা স্বাক্ষরিত হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।